অরণি থিয়েটারের ৩০ তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুরের ঐতিহ্যবাহি সাংস্কৃতিক সংগঠণ অরণি থিয়েটারের ত্রিশ বছর পূর্তি উপলক্ষে সংগঠণটি মেহেরপুর শহীদ সামসুজ্জোহা পার্কে আয়োজন করেছিল জমকালো অনুষ্ঠান মালার।
গতকাল মঙ্গলবার সন্ধ্যায় অরণি থিয়েটারের কচি কাচা শিশু শিল্পীদের আবৃতি, গান, নাচ আর অভিনয়ে মুগ্ধ করে অতিথিদের।
তাদের সাথে যুক্ত হন দেশ বরণ্য কথা সাহিত্যিক বাংলা একাডেমির শিশু সাহিত্যে পুরুস্কারপ্রাপ্ত রফিকুর রশীদ, এনটিভি সুপর শিলন রানার্স আপ, জেলার গর্ব কন্ঠ শিল্পী সুমনা রহমান, এনটিভি প্রচারিত রিয়েলিটি শো হাসো’র চ্যাম্পিয়ন শফিউল আযম রবিন, ও সুপার সিক্◌্রে বিজয়ী মেহেরপুরের মেয়ে রিয়াসহ জেলার বরণ্যে ব্যক্তিবর্গ।
সন্ধ্যা ৭ টার সময় এই ঐতিহ্যবাহী সংগঠণ অরণি থিয়েটারের ৩০ বছর পূর্তি উপলক্ষে শহীদ মিনারের বেদীতে ৩০ টি মোমবাতি প্রজ্বলন করেন সংগঠণের ক্ষুদে শিল্পীবৃন্দ।
সামসুজ্জোহা পার্কের মুক্তমঞ্চে শুরু হয় অনুষ্ঠানের মুল পর্ব। ক্ষুদে বাচিক শিল্পী ফাবিহা রহমান মাহি’র সভাপতিত্বে অনুষ্ঠিত জমকালো অনুষ্ঠান মালায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুরের আরেক বাচিক শিল্পী ফাবিয়া রহমান মায়িশা।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, অরণি থিয়েটারের সভাপতি নিশান সাবের, সাধারণ সম্পাদক আতিক স্বপন, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও গাংনী উপজেলা সমবায় অফিসার মাহাবুবুল হক মন্টু, জাগো মেহেরপুরের পরিচালক সোয়েব রহমান, গাংনী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাডভোকেট একেএম শফিকুল আলম, মেহেরপুর শিল্পকলা একাডেমীর সাবেক সাধারণ সম্পাদক মফিজুর রহমান, আবুল হাসনাত দিপু, মেহেরপুর সুযোর্দয় আবৃত্তি সংসদের সভাপতি নুর আলম প্রমুখ। অনুষ্ঠানে নাচ, গান, আবুত্তি, নাটক মঞ্চস্থ করেন অরণি থিয়েটারের শিল্পীবৃন্দ।

অনুষ্ঠানের দিক নির্দেশনায় ছিলেন অরণি থিয়েটারের সভাপতি নিশান সাবের। এদিকে অরণি থিয়েটারের ত্রিশ বছর পূর্তি কে স্বাগত জানিয়ে সভাপতি ও সাধারণ সম্পাদকের হাতে ফুলের তোড়া দিয়ে অভিনন্দন জানান জাগো মেহেরপুরের সভাপতি সোয়েব রহমান।

মুজিবনগরে জাতীয় স্যানিটেশন মাস ও হাত ধোয়া দিবস উপলক্ষে আলোচনা সভা

” বর্জ্যের পরিশোধন, নিশ্চিত হবে স্যানিটেশন” “হাতের পরিচ্ছন্নতায় এসো সবে এক সাথে” এই এই প্রতিপাদ্যকে সামনে রেখে।

আজ রবিবার সকাল সাড়ে ১০ টার দিকে ওয়েভ ফাউন্ডেশন এর উদ্যোগে মুজিবনগর উপজেলার পুরন্দপুর গ্রামে সৌরভ-১ মহিলা সমিতির আয়োজনে, জাতীয় স্যানিটেশন মাস এবং হাত ধোয়া দিবস ২০২২ পালন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা উনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে ওয়েভ ফাউন্ডেশন এর ইউনিটি ম্যানেজার আলাউদ্দিন এর সভাপতিত্বে ও সঞ্চালনায়, মুজিবনগর উপজেলার জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপ-সহকারী প্রকৌশলী জাহাঙ্গীর আলম প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে, বর্জ্য ব্যবস্থাপনা ও হাত ধোয়ার গুরুত্ব তুলে ধরে আলোচনা করেন । তিনি বলেন, উপযুক্ত ব্যবস্থা করতে পারলে অন্যান্য সম্পদের মত বর্জ্য সম্পদে রূপান্তর করা সম্ভব । বিশ্বের বিভিন্ন দেশে বর্জ্য সমস্যা নয়, বরং বর্জ্যকে সম্পদ হিসেবে বিভিন্ন কাজে লাগাচ্ছে। তিনি আরও বলেন, বেশীরভাগ অসুখ থেকে সুরক্ষা পেতে প্রযোজ্য সময়ে যথাযথভাবে দুই হাত ধোয়া অপরিহার্য।

আলোচনাশেষে উপস্থিত নারী অংশগ্রহণকারীরা নিজেদের ঘরবাড়ির পরিষ্কার পরিচ্ছন্নতায় আরো গুরুত্ব দেবেন। পাশাপাশি বর্জ্যগুলোকে লাভজনক সম্পদে পরিণত করবেন বলে জানিয়েছেন ।

অনুষ্ঠানশেষে পুরন্দরপুর গ্রামের সাধারণ নারী, পুরুষ ও শিক্ষার্থীদের অংশগ্রহণে একটি শোভাযাত্রা কর হয় । শোভাযাত্রায় ” বর্জ্যের পরিশোধন, নিশ্চিত হবে স্যানিটেশন” এবং “হাতের পরিচ্ছন্নতায় এসো সবে এক হই” শ্লোগান প্রদান করে।

অনুষ্ঠানে ওয়েভ ফাউন্ডেশন এর এ্যাকসেস প্রকল্পের ফিল্ড মনিটরিং অফিসার নাহিদ ফাতেমা তামান্নার সহায়তায় যথাযথভাবে হাতধোয়া

প্রদর্শন করা হয় ।

উক্ত অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার সাংবাদিক হাসান মোস্তাফিজুর রহমান, ওয়েভ ফাউন্ডেশন এর এ্যাকসেস প্রকল্পের ফিল্ড মনিটর নাহিদ ফাতেমা, সিডিও বিপ্লব সহ সৌরভ-১ মহিলা সমিতির সদস্যাবৃন্দ এবং এলাকার নারী পুরুষ ও স্কুলের শিক্ষার্থীবৃন্দ।

মেহেরপুরে নাট্যকর্মী আবু হানিফ এর মাগফিরাত কামনায় আলোচনা ও দোয়া

গাংনীতে বিশিষ্ট সমাজ সেবক, নাট্যকর্মী, প্রিয়ভাজন মরহুম আবু হানিফসহ প্রয়াত সকল সহকর্মীদের আত্মার মাগফিরাত কামনায় আলোচনা সভা ও বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

‘সীমান্ত অপেরা’ গাংনীর আয়োজনে মরহুমের আত্মজীবনী তুলে ধরে স্মরণসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার বিকালে সীমান্ত অপেরার নিজস্ব কার্যালয় গাংনী কাঁচা বাজার (আড়ত) মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

গাংনী পৌর সভার সাবেক প্যানেল মেয়র নবীরউদ্দীনের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক এম এ খালেক।

তিনি বলেন, মরহুম আবু হানিফ গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের গাঁড়াবাড়ীয়া গ্রামের একজন সফল মেম্বর ছিলেন। তিনি একজন সফল নাট্যকর্মী ও নীতিগতভাবে আদর্শ মানুষ ছিলেন। তার অকাল মৃত্যুতে মেহেরপুরের সাংস্কুতিক অঙ্গনে একজন গুনী শিল্পীর শুন্যতা দেখা দিয়েছে। তিনি তার আত্মার মাগফেরাত কামনা করেন।

অনুষ্ঠানে প্রধান আলোচক হিসাবে ছিলেন, সীমান্ত অপেরার পরিচালক ও

স্বত্বাধিকারী আব্দুর রাজ্জাক। এসময় বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারন সম্পাদক ও গাংনী সরকারী ডিগ্রী কলেজের অবসরপ্রাপ্ত অধ্যাপক সাইদুর রহমান।

সীমান্ত অপেরার উপদেষ্টা সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডামের সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতেই শুভেচ্ছা বক্তব্য রাখেন নাট্যকর্মী আকবর আলী। এ সময় অন্যান্যদের মধ্যে স্মৃতিচারণ করেন, ঠান্ডু ডাক্তার, মেহেরপুরের স্বনামধন্য অভিনেতা মীর ফারুক হোসেন, গাংনী উপজেলা ছাত্রলীগের সাধারন সম্পাদক আসিফ ইকবাল অনিক প্রমুখ। স্মৃতিচারণ করতে সকলেই আবেগ আপ্লুত ও অশ্রæসজল হয়ে পড়েন।

অনুষ্ঠানে সীমান্ত অপেরার সাধারন সম্পাদক আলী আজগরসহ মেহেরপুর সদর উপজেলার উজলপুরের গিয়াসউদ্দীন, কামাল হোসেন, রবিউল ইসলাম, আমঝুপির আব্দুল জলিলসহ মরহুম আবু হানিফ এর পরিবার পরিজন উপস্থিত ছিলেন।আলোচনা শেষে প্রধান অতিথি বাংলাদেশ যাত্রা উন্নয়ন পরিষদ থেকে প্রাপ্ত কৃতি অভিনেতাদের পরিচয় পত্র প্রদান করেন।
আলোচনা শেষে বিশেষ দোয়া মাহফিল পরিচালনা করেন, গাংনী পাইলট সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের ধর্মীয় শিক্ষক মাওলানা আবু জাফর।

অনুষ্ঠানে মরহুম আবু হানিফের বিদেহী আত্মার মাগফেরাত কামনায় সকলের দোয়া কামনা করা হয় এবং মরহুমের বিদগ্ধ শোক সন্তপ্ত পরিবারের সকলের জন্য সমবেদনা জ্ঞাপন করা হয়। পরে সকলের জন্য তাবারকের ব্যবস্থা করা হয়।

মেহেরপুরে পায়রা’র উদ্যোগে হতদরিদ্র নারীদের মাঝে সেলাই মেসিন বিতরণ

একটা সেলাই মেসিন আমার জীবনের গতি পাল্টে দেবে। অন্যের কাছে হাত পেতে নয়, নিজের পায়ে দাড়িয়ে এখন সংসার চালাবো। আমি দর্জির কাজ করে আমার সংসারের উন্নয়ন করবো।

পায়রা সংস্থার কাছ থেকে সেলাই মেসিন নিয়ে এভাবেই তার অবেগভরা কথাগুলো বললেন হতদরিদ্র কাজল রেখা বলেন।
আন্তর্জাতিক দাতা সংস্থা শারজাহ’র অর্থায়নে স্থানীয় এনজিও সংস্থা পায়রা এলাকার বিভিন্ন অসহায় দরিদ্র নারীদের মাঝে সেলাই মেসিন বিতরণ অব্যাহত রেখেছে।

গতকাল বৃহস্পতিবার (২৭ অক্টোবর) দুপুরের দিকে সদর উপজেলার আমঝুপি গ্রামের মুশিরুল ইসলামের স্ত্রী মৃত কাজল রেখা, মেহেরপুর শহরের ক্যাশবপাড়া এলাকার মৃত সিরাজুল ইসলামের স্ত্রী মোছা: আরিফা খাতুন, শেখপাড়া এলাকার সাইফ হোসেনের স্ত্রী সায়লা খাতুনকে সেলাই মেসিন প্রদান করে।

এসময় উপস্থিত ছিলেন, পায়রা সংস্থার সমন্বয়কারী মোস্তাফিজুর রহমান চন্দন, নির্বাহী সদস্য বিল্লাল হোসেন।

বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির প্রচার ও প্রকাশনা উপকমিটির সদস্য ও পায়রা সংস্থার উপদেষ্টা এএসএম ইমনের পৃষ্টপোষকতায় মেহেরপুর জেলার বিভিন্ন এলাকার অসহায় মানুষদের মাঝে সংস্থাটি ১ হাজার টিউবওয়েল ও সেলাই মেশিন বিতরণ অব্যাহত রেখেছে।

গাংনীতে জাতীয় কন্যাশিশু দিবসের আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

“সময়ের অঙ্গীকার কন্যশিশুর অধিকার” এই শ্লোগানকে সামনে নিয়ে গাংনীতে দি হাঙ্গার প্রজেক্ট ও জাতীয় কন্যাশিশু অ্যাডভেকেসি ফোরামের আয়োজনে জাতীয় কন্যাশিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (২৬ অক্টোবর) গাংনী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি

ফোরাম মেহেরপুর জেলা শাখার সভাপতি মোঃ সিরাজুল ইসলাম।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এম এ খালেক।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা মহিলা বিষয়ক অফিসার মোছাঃ নাসিমা খাতুন।

দি হাঙ্গার প্রজেক্ট গাংনী অফিসের এলাকা সমন্বয়কারী মোঃ হেলাল উদ্দিনের সঞ্চালায় অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন করমদি কলেজের প্রভাষক আবু সাদাত মোঃ সায়েম পল্টু, গাংনী পৌর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মমিনুল হক, বিশিষ্ট সমাজ সেবক ও সংগীত শিল্পী মোঃ আজিজুল হক রানু প্রমূখ।

আলোচনা শেষে দুটি মাধ্যমিক বিদ্যালয়ের বিজয়ী ১২জন শিক্ষার্থীদের মাঝে পুরস্কার বিতরণী করা হয়।

জাতীয়দলের খেলোয়াড় পারভেজ মোশারফ ও জাতীয় ভলিবল দলের সাবেক কোচ সংবর্ধিত

২১তম এশিয়ান অনুর্ধ্ব-২০ ভলিবল চ্যাম্পিয়নশীপ ২০২২ এ বাংলাদেশ জাতীয়দলের সর্ব কনিষ্ঠ খেলোয়াড় পারভেজ মোশারফ ও গাংনী ভলিবল একাডেমীর কোচ, বাংলাদেশ জাতীয় ভলিবল দল ও বাংলাদেশ সেনাবাহিনীর ভলিবল দলের সাবেক অধিনায়ক আফজাল হোসেনকে সংবর্ধনা প্রদান করা হয়েছে।
শুক্রবার বিকেল সাড়ে ৪টার দিকে গাংনী উপজেলা পরিষদ চত্বরে গাংনী ভলিবল একাডেমী এ সংবর্ধনার আয়োজন করে।
আয়োজক কমিটির আহবায়ক ও সাবেক ক্রীড়া শিক্ষক আশরাফুল হকের সভাপতিত্বে সংবর্ধণা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলাম।

এসময় বক্তব্য রাখেন মেহেরপুর জেলা জজ কোর্টের আইনজীবি আতাউল হক আন্টু, শিক্ষক নেতা সৈয়দ জাকির হোসেন,ক্রীড়া ব্যক্তিত্ব আমিনুল ইসলাম রতন, প্রভাষক শাহিনুজ্জামান, করমদী ডিগ্রী কলেজের শারীরিক শিক্ষক আবু সায়েম পল্টু, ক্রীড়া ব্যক্তিত্ব আতর আলী, সাহাবউদ্দীন মাস্টার, ক্রীড়াপ্রেমী রফিকুল ইসলাম, সংবর্ধিত আফজাল হোসেন ও পারভেজ মোশারফ প্রমুখ।
অনুষ্ঠানটি পরিচালনা করেন সাবেক ফুটবলার ও গাংনী উপজেলা প্রেসক্লাবের সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম।
সংবর্ধিত পারভেজ মোশারফ ও গাংনী ভলিবল একাডেমীর কোচ আফজাল হোসেনকে ক্রেষ্ট প্রদান করা হয়।

মেহেরপুরে সাইজির ১৩২তম তিরোধান দিবসে নাটক “লালন ফকির’ মঞ্চস্থ

আধ্যাত্যিক সাধক লালন সাইজির ১৩২তম তিরোধান দিবস উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও নাটক “লালন ফকির’ মঞ্চস্থ হয়েছে।

শুক্রবার রাতে মেহেরপুর থিয়েটারের উদ্যোগে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে নাটক মঞ্চস্থ হয়।

মেহেরপুর থিয়েটারের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেকের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খান।

মেহেরপুর থিয়েটারের সাধারণ সম্পাদক সাইদুর রহমানের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম, মেহেরপুর জজকোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট পল্লব ভট্টাচার্য।

পরে সেখানে নাটক লালন ফকির মঞ্চস্থ করা হয়।

মুজিবনগরে খামারীদের মাঝে অনুদান সহায়তা প্রদান

‘নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন’ শীর্ষক ভ্যালুচেইন উপ-প্রকল্পের আওতায়, গাভীকে রসালো ঘাস খাওয়ানোর জন্য খামারীদের মাঝে অনুদান সহায়তা প্রদান করেছে ওয়েভ ফাউন্ডেশন মুজিবনগর।

সোমবার সকাল সাড়ে ১১ টার দিকে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ইফাদ ড্যানিডা এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় এবং ওয়েভ ফাউন্ডেশন এর বাস্তবায়নে,মুজিবনগর অফিস হল রুমে সংক্ষিপ্ত আলোচনা শেষে উপজেলার ১৭ জন খামারির মাঝে ৫ হাজার টাকা করে গাভীকে রসালো ঘাস খাওয়ানোর জন্য অনুদান প্রদান করা হয়।

ওয়েব ফাউন্ডেশনের প্রকল্প ব্যবস্থাপক কৃষিবিদ আব্দুল বারী উপস্থিত থেকে এসব অনুদান বিতরণ করেন। এ সময় খামারিদের মাঝে গাভী পালন এবং গাভীকে রসালো ঘাস খাওয়ানোর উপকারিতা সম্পর্কে আলোচনা করেন, ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর কৃষিবিদ সাজেদুল হক।

সহকারী ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর আশরাফুল হক এর সঞ্চালনায়, অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ওয়েব ফাউন্ডেশন মুজিবনগর অফিস ষ্টাফ আরোজ আলী আব্বাস আলী আজিজুল হক সালাম ও রহমান সহ উপজেলার খামারিবৃন্দ

সেলাই মেশিনে হাঁসি ফুটলো বিধবা নারী শিল্পীর মুখে

সেলাই মেশিন দিয়ে নিঃসন্তান বিধবা নারী শিল্পী খাতুনের মুখে হাঁসি ফোটালেন মানবাধিকার নামক একটি সংস্থা ।

রবিবার সন্ধ্যায় সংস্থাটির কর্মকর্তারা কোটচাঁদপুরের মুক্তি যোদ্ধা কমপ্লেক্স থেকে মেশিনটি তুলে দেন ওই নারীর হাতে।

জানা যায়, মোছাঃ শিল্পী খাতুন। বয়স ৩৯ বছর। বাড়ি ঝিনাইদহের কোটচাঁদপুর পৌরসভাধীন বড়বামনদহ গ্রামে। স্বামী ছিলেন দিন মজুর লিটন হোসেন। গেল ১ বছর হল স্ট্রোক জনিত কারনে তাঁর মৃত্যু হয়। সেই থেকে বিধবা নারী শিল্পী খাতুন জীবকার জন্য বেছে নেন নকশি ক্যাথার কাজ। এ থেকে যা আয় হত,তাতে দিন চলত না তাঁর। কোন দিন খেয়ে আবার না খেয়েও দিন পার করত সে।

আর বসবাসের জন্য আছে,একটি টিন সেডের একটা ঘর। সামান্য বৃষ্টি হলেই টিনের ছিদ্র দিয়ে বৃষ্টির পানিতে ঘর আর ঘরের আসবাবপত্র ভিজে যেত। বিষয়টি নিয়ে বেশ কয়েকটি পত্রিকায় সংবাদ প্রকাশিত হয়। ওই সংবাদটি দৃষ্টিগোচর হয় ন্যাশনাল হিউম্যান রাইটর্সএন্ড হেলথ কেয়ার সোসাইটি কোটচাঁদপুর শাখার সভাপতি রেজাউল করিমের। তিনি পাশে দাঁড়িয়েছেন অসহায় ওই নারী শিল্পী খাতুনে। হাতে তুলে দিয়েছেন তাঁর স্বপ্নের সেলাই মেশিনটি।

শিল্পী খাতুন জানান,স্বামী মৃত্যুর পর কোন রকম বেচে আছি। নিজের শরীরও বেশি ভাল না। এরপরও বেচে থাকতে কিছু করতে হবেই। তাই নকশি কাঁথার কাজ করতাম। তা থেকে যা পেতাম,সেটা দিয়ে কিছুই হত না।

তিনি বলেন, আমার একটা ইচ্ছে ছিল,যদি কেউ আমার একটা সেলাই মেশিন দিত। তাহলে কাজ করে আমার বাকি জীবনটা ভাল ভাবে চালাতে পারতাম। আজ আমার সে ইচ্ছে পূরন হয়েছে। মেশিন পেয়ে শিল্পী খুব খুশি হয়েছেন। দোয়া করেছেন সংস্থার সংশ্লিষ্ট কর্তাব্যক্তিদের জন্য।

এ সময় উপস্থিত ছিলেন, ন্যাশনাল হিউম্যান রাইটর্সে এন্ড হেলথ কেয়ার সোসাইটি কোটচাঁদপুর শাখার সভাপতি রেজাউল করিম, সাধারণ সম্পাদক এ্যাডঃ আশরাফুল ইসলাম, সহসভাপতি আশরাফুজ্জামান,সহসাধারণ সম্পাদক আনোয়ার চৌধুরীকে তুহিন, কোষাধ্যক্ষ মঈন উদ্দিন খান,দপ্তর সম্পাদক আব্দুল্লাহ বাশার,সাংবাদিক রমজান আলী,মোঃ রশিদুল ইসলাম,সৌকত আলী অংকুর,রোকনুরজ্জামান প্রমুক।

ফেসবুক ভিত্তিক সংগঠন ‘বাড়ি মেহেরপুর’ এর পঞ্চম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

ফেসবুক ভিত্তিক সংগঠন ‘বাড়ি মেহেরপুর’ গ্রুপের পঞ্চম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেক কেটে মিষ্টিমুখ করে এই দিনটি উদযাপন করা হয়।

গতকাল শুক্রবার রাতে মেহেরপুর জেনারেল হসপিটাল গেটের সামনে রুশি ফার্মেসিতে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

এ সময় বাড়ি মেহেরপুর গ্রুপের এডমিন সামস ই আলম বলেন, মেহেরপুর ও মেহেরপুরের বাইরে এবং দেশের বাইরে যারা আছে সবাইকে এক প্ল্যাটফর্মে আনার জন্য আমাদের এই গ্রুপ। এটি একটি সুন্দর অরাজনৈতিক একটি গ্রুপ। তিনি বলেন, সামাজিক কার্যক্রমের ভিতরে করোনাকালীন সময়ে আমরা বিভিন্ন অসহায় দুস্থ মানুষকে সাহায্য করেছি।

তাছাড়াও প্রতি ঈদে আমরা গরীব দুঃখী মানুষকে ঈদ উপহার দিয়েছি। বিভিন্ন সময়ে আমরা বিভিন্ন ভাবে আর্থিক সাহায্য সহযোগিতা করে থাকি এছাড়াও বাড়ি মেহেরপুরের পক্ষ থেকে ‘মানবতার দেয়াল’ নামক কর্মসূচী সর্বপ্রথম মেহেরপুরে আমরাই শুরু করি।

অনুষ্ঠানে বাড়ি মেহেরপুর সামাজিক গ্রুপের বিভিন্ন সদস্যরা অংশগ্রহণ করে।

বাড়ি মেহেরপুর এর প্রতিষ্ঠা করেন এম এম নুরুজ্জামান বাবু, এম এম কামরুজ্জামান সোহেল, ও প্রয়াত ওয়াসিম শাহরিয়ার পল্লব । এম এম নুরুজ্জামান বাবু প্রধান এডমিন হিসেবে দায়িত্ব পালন করছেন।এছাড়াও সহযোগী এডমিন হিসেবে সোহেল রানা, জুলি হাসান, মোঃ শামস ই আলম নিযুক্ত আছেন৷ সহযোগী মডারেটর হিসাবে মেহেদী হাসান খাঁন (মুন্না), মোঃরিনু, সালাউদ্দিন ইউসুফ, ইসমত ফারিয়া তিশা এবং নাসরিন আখতার দায়িত্ব পালন করছেন।